# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**31 MARCH 2026** **7:45—7:55**

---

(১) আসাম বিধানসভা নির্বাচনের জন্যে শাসক-বিরোধী উভয় পক্ষের প্রচার তুঙ্গে/ বরাক উপত্যকায়ও ব্যাপক প্রচার অভিযান/

(২) বিজেপির সংকল্প পত্রের আজ আনুষ্ঠানিক প্রকাশ/

(৩) আগামীকাল থেকে দেশের ষোড়শ লোকগণনা/

এবং

(৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ জৈন ধর্মাবলম্বীদের পবিত্র উৎসব মহাবীর জয়ন্তী ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় পালিত/

--------------------------------------------------------------------------------

বিধানসভা নির্বাচনের আর মাত্র ৮ দিন বাকী থাকা অবস্থায় রাজনৈতিক দলসমূহের প্রচার অভিযান তীব্র হয়েছে । শাসক-বিরোধী উভয়েই তারকা প্রচারকদের নিয়ে ভোটদাতাদের আকর্ষিত করার জন্য প্রয়াস অব্যাহত রেখেছে । বিজেপির প্রবীণ নেতা তথা প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ দেড়গাঁওয়ে প্রচার চালান । শীতল পাথারে এক জনসভায় অংশ নিয়ে মন্ত্রী গোলাঘাট ও যোরহাট জেলার দুজন মিত্রজোটের প্রার্থীর হয়ে প্রচার চালান । এর আগে শ্রী সিং তেজপুরে প্রচার সভায় অংশ নেন । বিজেপির নেত্রী স্মৃতি ইরানী আজ ধেমাজীর সিমেনমুখ কুলীবাজার অঞ্চলে আয়োজিত নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন । তিনি এন ডি এ মিত্রজোটের প্রার্থী ভুবন পেগুর হয়ে প্রচার চালান । মহারাস্ট্রের মূখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ আজ যোরহাটের এটি টি রোডে আয়োজিত প্রচার সভায় অংশ নিয়ে ওই আসনের বি জে পি প্রার্থী হিতেন্দ্রনাথ গোস্বামীর হয়ে প্রচার চালান । এই কার্যসূচীতে কেন্দ্রীয় মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , যোরহাট

বিজেপির সভাপতি শান্তনু পূজারী সহ বেশকয়েকজন ব্যাক্তি উপস্থিত ছিলেন । বিজেপির নেতা তথা মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ প্রচার চালান । মূখ্যমন্ত্রী রহা ,ডিমরীয়া , বরক্ষেত্রী ও কমলপুরে প্রচার অভিযানে অংশ নেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ ডিগবয় ও মাকুমে আয়োজিত জনসভায় অংশ নিয়ে দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ধেমাজীর গোগামুখ ও বিশ্বনাথ বিহালীতে নির্বাচনী প্রচার চালানোর জন্য আসামে আসছেন । ৬ এপ্রিল প্রধানমন্ত্রী মরাণ ,বরপেটা ও লামডিংয়ে প্রচার চালানোর জন্য পুনরায় আসামে আসবেন ।
কংগ্রেস নেত্রী প্রিয়ংকা গান্ধী আগামীকাল দেবব্রত শইকিয়া , লুরিনজ্যোতি গগৈ ও বিপুল গগৈর হয়ে নাজিরা ,খোয়াং ও টিংখাংয়ে নির্বাচনী প্রচার চালাবেন । দোসরা এপ্রিল কংগ্রেস দলের নেতা রাহুল গান্ধী বোকাজান ও টীয়কে প্রচার চালাবেন ।
অসম প্রদেশ কংগ্রেস সমিতির সভাপতি গৌরব গগৈ ,অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ ,রাইজর দলের অখিল গগৈ সহ কংগ্রেস নেতৃত্বাধীন মিত্রজোটের অন্যান্য প্রার্থীরাও ভোটদাতাদের আকর্ষিত করার প্রয়াস অব্যাহত রেখেছেন।
এ আই এম আই এম দলের সভাপতি আসাদুদ্দিন ওয়েসির আগামী দোসরা এপ্রিল রূপসীহাট ,সামগুড়ি ,দোলগাঁও , ধিং ,লাহরীঘাটে এবং তিন এপ্রিল বিন্নাকান্দি ,গোয়ালপাড়া পূর্ব ,সেঙ্গা ও মন্দিয়াতে এ আই ইউ ডি এফের হয়ে প্রচার চালানোর কথা রয়েছে ।
এদিকে বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দিতেও প্রচার অভিযান জোরদার হয়ে উঠেছে । সবকটি রাজনৈতিক দলের প্রার্থীরা ভোটদাতাদের আকর্ষিত করতে নির্বাচনী সভা , পদযাত্রা ইত্যাদির আয়োজন করছে । কাছাড় জেলার সাততি আসনের মধ্যে শিলচর আসনের  বি জে পি প্রার্থী ডা:রাজদীপ রায় আজ তারাপুর গ্রাম পঞ্চায়েতের রাখালখালেরপাড় এবং ভৈরব নগর গ্রাম পঞ্চায়েতের কৃষ্ণপুরে দুটি পৃথক নির্বাচনী জনসভায় অংশ নিয়ে প্রচার চালান । এছাড়াও তিনি প্রথম লিঙ্ক রোড থেকে সোনাই রোড পেট্রোল পাম্প পর্যন্ত এক পদযাত্রায় অংশ নেন । এই আসনে কংগ্রেস প্রার্থী অভিজিত পালের সমর্থনেও আজ সুভাষ নগর থেকে রাঙ্গিরখাড়ি পয়েন্ট পর্যন্ত পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে । উধারবন্দ আসনের বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা আজ দয়াপুরে পৃষ্ঠা প্রমূখ সম্মেলনে অংশগ্রহণ করে প্রচার চালান । অন্যদিকে এই আসনের কংগ্রেস প্রার্থী অজিত সিং আজ কুম্ভা বাজারে নির্বাচনী প্রচার কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।

রাজ্যের মন্ত্রী তথা লক্ষীপুর আসনের বিজেপি প্রার্থী কৌশিক রাই আজ হরিনগর গাঁও পঞ্চায়েতে আয়োজিত পদযাত্রায় অংশ নিয়ে প্রচার চালান । বড়খলা আসনে বিজেপি প্রার্থী কিশোর নাথ আজ শ্রীকোনার মাছঘাটে এক সভায় এবং ইন্দ্রগড় গাঁও পঞ্চায়েতের অধীন নদীয়াপুর খেলার মাঠে পৃষ্ঠা প্রমূখ সম্মেলনে প্রচার অভিযানে যোগ দেন । ধলাই আসনের বিজেপি প্রার্থী অমিয় কান্তি দাস আজ ধলাই পি ডব্লিউ ডি মাঠে নরসিংপুর মন্ডলের পৃষ্ঠা প্রমূখ সম্মেলনে অংশ নিয়ে প্রচার চালান ।

শ্রীভূমি জেলায়ও প্রচার অভিযান অব্যাহত রয়েছে । বিজেপি প্রার্থী তথা রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের কানাই বাজারে প্রচার চালান ।

শ্রীভূমি পৌরসভার ১৫ ও ১৬ নম্বর ওয়ার্ডে বি জে পি প্রার্থী সুব্রত ভট্টচার্যের সমর্থনে এক যৌথ নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে । এদিকে উত্তর করিমগঞ্জ আসনে এ আই ইউ ডি এফ মনোনীত প্রার্থী চৌধুরী উছামা মবরুরের সমর্থনে আজ দরগা বাজারে এক সভা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া আজ বারইগ্রাম এলাকার অগপ-বিজেপি মিত্রজোটের প্রার্থী ইকবাল হোসেন প্রচার চালান ।

উত্তর-করিমগঞ্জ আসনে কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ নিজনাতুপুর এলাকায় নির্বাচনী প্রচার চালান ।

এদিকে হাইলাকান্দি জেলার আলগাপুর-কাটলীছড়া বিধানসভা আসনে নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে । এই আসনে মোট ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

আজ নির্দল প্রার্থী ও বর্তমান বিধায়ক সুজাম উদ্দিন লস্কর সরসপুর চা-বাগান এলাকায় প্রচার চালান ।

অন্যদিকে অসম গণ পরিষদ প্রার্থী জাকির হুসেন লস্কর আলগাপুর বাজার এলাকায় জনসভা করেন ।

কংগ্রেস প্রার্থী জুবায়ের আলমও আজ কাটলীছড়া এলাকায় প্রচার চালান ।

---------------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেত্রী ও কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ গুয়াহাটিতে রাজ্য বিজেপি কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে দলের সংকল্প পত্র আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছেন । এই সংকল্প পত্রে ‘সুরক্ষিত আসাম, বিকশিত আসাম’ বিষয়বস্তুর আওতায় ৩১টি প্রতিশ্রুতি প্রদান করা হয়েছে । সংকল্প পত্রে সরকারি জমি দখলমুক্ত করা, ১৯৫০ সালের অনুপ্রবেশকারী বহিস্কার আইন রূপায়ণ এবং যোগ্য নাগরিকদের জমির পাট্টা প্রদানের ব্যবস্থা অর্ন্তভুক্ত করা হয়েছে । এছাড়া ষষ্ঠ তপশিলের অধীনে এবং উপজাতি বসতি প্রধান এলাকাগুলির বাইরে রাজ্যের বাকি অংশে যৌথ দেওয়ানি বিধির প্রস্তাব দেওয়া হয়েছে । দলটি দুই লক্ষ সরকারি চাকরি প্রদান এবং অষ্টম বেতন

কমিশনের পরামর্শবলী রূপায়ণেরও প্রতিশ্রুতি প্রদান করেছে । সংকল্পপত্রে অরুণোদয় প্রকল্পের অধীনে প্রদান করা সাহায্য তিন হাজার টাকা পর্যন্ত বৃদ্ধি করার এবং প্রাক-প্রাথমিক পর্যায় থেকে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত বিনামূল্যে শিক্ষা প্রদানের প্রস্তাব দেওয়া হয়েছে । এতে রাজ্যের এক্সপ্রেসওয়ে এবং বন্দে ভারত রেল প্রকল্পে বিনিয়োগের প্রস্তাব দেওয়া হয়েছে ।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া, মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ দলের বেশকয়েকজন উচ্চস্তরীয় নেতা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের ৮৫ বছর বয়সের উর্ধের এবং বিশেষভাবে সক্ষম ২৬ হাজার যোগ্য ভোটদাতার বাড়ি বাড়ি গিয়ে ভোটগ্রহণ প্রক্রিয়া গতকাল আরম্ভ হয়েছে । এই প্রক্রিয়ার অংশ হিসেবে নির্বাচনী আধিকারিক-কর্মচারীরা প্রবীণ নাগরিকদের ঘরে ঘরে গিয়ে তাদের ভোটগ্রহণ করছেন । বিশেষভাবে সক্ষম ভোটদাতাদের ঘরে গিয়েও ভোটগ্রহণের ব্যবস্থা করা হয়েছে । কাছাড়, শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলায়ও প্রবীণ নাগরিক ও বিশেষভাবে সক্ষম ভোটদাতাদের বাড়ি বাড়ি গিয়ে তাদের ভোটগ্রহণের প্রক্রিয়া চলছে।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ, ২০২৬ বর্ষের নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের অনলাইন পঞ্জীয়নের জন্য আগামীকাল থেকে পোর্টাল খোলা রাখবে । এই অনলাইন পঞ্জীয়ন আগামী ১৫ই মে পর্যন্ত চলবে । এই সম্পর্কে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ রাজ্যের সকল হাইস্কুল ও হাইয়ার সেকেন্ডারি স্কুলের প্রধান শিক্ষক এবং অধ্যক্ষদের নির্দেশনা জারি করেছে । এই নির্দেশনায় জানানো হয়েছে যে- ছাত্রছাত্রীদের নাম পঞ্জীয়নের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়কে তাদের এগারো সংখ্যার ইউডাইস কোড প্রদান করা বাধ্যতামূলক। এছাড়া ছাত্রছাত্রীদের জন্মের প্রমাণপত্র, আধার কার্ডের নম্বর, আপার আই ডি সহ অন্যান্য নথিসমূহের প্রয়োজন হবে বলে নির্দেশনায় জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

২০২৭ সালের লোকগণনা আগামীকাল আরম্ভ হবে । ২০২৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত সময়ের মধ্যে দুটি পর্যায়ে এই লোকগণনা অনুষ্ঠিত হবে । এবারের লোকগণনা দেশের ষোড়শ এবং স্বাধীনোত্তর ভারতবর্ষের অষ্টম লোকগণনা । এই লোকগণনায় সামাজিক অবস্থা এবং জাতিগত গণনা সহ জনসংখ্যা এবং গৃহ গণনাও অর্ন্তভুক্ত হবে । দেশে এবার প্রথমবারের জন্য সম্পূর্ণ ডিজিট্যাল প্রক্রিয়ায় লোকগণনা হবে এবং

এনরয়েড এবং আই ও এস'এ প্রাপ্ত মোবাইল এ্যাপের মাধ্যমে তথ্যসমূহ সংগ্রহ করা হবে । এই সমগ্র প্রক্রিয়াটিতে ৩০ লক্ষ কর্মচারীকে নিয়োজিত করা হয়েছে ।

---

সমগ্র দেশে আজ জৈন ধর্মাবলম্বী লোকেদের পবিত্র উৎসব মহাবীর জয়ন্তী পালন করা হয়েছে । জৈন ধর্মের চতুর্বিংশতিতম তথা অন্তিম জৈন তীর্থংকর মহাবীরের এই জয়ন্তীর দিনটি জৈন সমাজের জন্যে অন্যতম শুভদিন বলে গণ্য করা হয় । পরমপুরুষ মহাবীরের অনুগামীরা আজ বিশেষ প্রার্থনা সভা, রথ সহযোগে শোভাযাত্রা, প্রসাদ বিতরণ ইত্যাদির মাধ্যমে এই দিনটি উদযাপন করেছেন ।

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহাবীর জয়ন্তী উপলক্ষে দেশের জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে দেওয়া একটি পোস্টে শ্রীমতি মুর্মু বলেন যে- ভগবান মহাবীর অহিংসা, সত্য ও আত্মনির্ভশীলতার দিকদর্শন দেওয়ার পাশাপাশি জনসাধারণকে করুণা ও সহমর্মিতার সঙ্গে জীবন উদযাপন করার ক্ষেত্রে অনুপ্রেরণা জুগিয়েছেন । রাষ্ট্রপতি আরো বলেন যে- সবাইকে ভগবান মহাবীরের শিক্ষাসমূহ থেকে উদ্বুদ্ধ হওয়ার পাশাপাশি সংবেদনশীল, শান্তিপূর্ণ তথা সম্মিলিত সমাজ গড়ার জন্যে অবিরত কাজ করে যাওয়া উচিত ।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ বলেছেন যে- ভগবান মহাবীরের শিক্ষাসমূহ জনসাধারণকে আত্মশৃঙ্খলা, করুণা এবং সম্প্রীতির মাধ্যমে জীবন যাপন করার ক্ষেত্রে উদ্বুদ্ধ করে আসছে। তিনি আরো বলেন- ভগবান মহাবীরের বাণীসমূহ সমাজে শান্তি, অহিংসা এবং ভ্রাতৃত্ববোধের ভাবনাকে শক্তিশালী করে আসছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাবীর জয়ন্তী উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের একটি পোস্টে শ্রী মোদী বলেছেন যে- মহাবীরের জীবন ও বাণী জনসাধারণকে সত্য, অহিংসা এবং করুণার পথে থাকার মনোবল যোগায় । তিনি বলেন যে- ভগবান মহাবীরের আদর্শ ও আধ্যাত্মিকতা আজকের পৃথিবীতে গভীরভাবে প্রাসঙ্গিক হয়ে পড়েছে ।

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ মহাবীর জয়ন্তী উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের একটি পোস্টে শ্রী শাহ্ বলেন- ভগবান মহাবীরের

পঞ্চশীল নীতি জনসাধারণকে আধ্যাত্মিক দিক নির্দেশনা দেওয়ার পাশাপাশি একটি শক্তিশালী এবং সম্প্রীতির সমাজ গঠনের ক্ষেত্রেও উৎসাহ জুগিয়ে আসছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও জৈন ধর্মাবলম্বী লোকেরা আজ ধর্মীয় আচার অনুষ্ঠানের মাধ্যমে মহাবীর জয়ন্তী পালন করেছেন ।

---------------------------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচর কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিক তথা এ্যাসিস্টেন্ট ডাইরেক্টর ইঞ্জিনিয়ারিং কুশ প্রসাদ যাদব দীর্ঘ ৩৬ বছর সুনামের সঙ্গে কর্মজীবন অতিবাহিত করার পর আজ অবসর গ্রহণ করেছেন । তিনি তাঁর গোটা কর্মজীবনে আকাশবাণী ও দূরদর্শনের বিভিন্ন কেন্দ্রে তিনি সুনামের সঙ্গে তাঁর কর্মতৎপরতা প্রদর্শন করেছেন । আকাশবাণী শিলচর কেন্দ্রের প্রত্যেক আধিকারিক ও কর্মচারী তাঁর কাছ থেকে অফুরান সহযোগিতা ও ভালোবাসা পেয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------